গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।

## জুলাই/২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ।
সভার স্থান : ভার্চুয়াল প্লাটফর্ম
সভার তারিখ : ২৯/০৭/২০২১ খ্রি:
সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক':

সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় উপজেলা নির্বাহী অফিসার , দক্ষিণ সুনামগঞ্জ উপজেলা পরিষদে হস্তান্তরিত ১৭টি বিভাগের কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক ধারাবাহিকভাবে সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে উপজেলা পরিষদের মাসিক কার্যক্রম পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এম আই এস এর মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হয়। এমতাবস্থায় সঠিক সময়ে স্থায়ী কমিটির সভাসহ উপজেলা পরিষদের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা না হলে এম আই এস এর মাধ্যমে তথ্য সরবরাহ করা যাবে না ফলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিষদের কার্যক্রম মূল্যায়ন করা সম্ভব হবে না বিধায় বিভিন্ন প্রকারের জটিলতা দেখা দিবে।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়।

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়

| আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন |
|---|---|---|
| ১. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন/বিয়োজন আছে কি না সভায় জানতে চাওয়া হয়। | সিদ্ধান্ত ১ ঃ কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুনামগঞ্জ। |
| ০২. ব্যয়ের হিসাব | উপজেলা পরিষদের বিভিন্ন ব্যয় ঃ<br>সভায় নিম্নে উল্লেখিত বিলের বিষয়ে আলোচনা এবং পরিশোধিত বিলের ব্যয়োত্তর অনুমোদন প্রদান করা হয়। | |

| | | |
|---|---|---|
| ০১ | জনাব ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের সম্মানী ভাতার বিল | ৪০,০০০/- |
| ০২ | জনাব নূর হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০/- |
| ০৩ | জনাব দুলন রানী তালুকদার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের সম্মানী ভাতার বিল। | ২৭,০০০/- |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ কার্যালয়ের জুন/২০২১ মাসের আনুষাঙ্গিক বিল ভ্যাটসহ | ৫০০০/- |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ কার্যালয়ের জুন/২০২১ মাসের মাসিক,আপ্যায়ণ ও অন্যান্য বিল ভ্যাটসহ | ১৩৯২৫/- |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ কার্যালয়ের জুন/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৩৫০/- |
| ০৮ | জনাব মোঃ মাহিন মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- |

| | | | | |
|---|---|---|---|---|
| | ০৯ | জনাব লব চন্দ্র পাল, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- | |
| | ১০ | জনাব আবু রায়হান, মালী, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের মজুরী বিল । | ১৬৫০০/- | |
| | ১১ | জনাব মো; কামাল হোসেন, পরিচ্ছন্নকর্মী উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের মাসের মজুরী বিল | ১৬৫০০/- | |
| | ১২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দক্ষিণ সুনামগঞ্জ এর জুন/২০২১ মাসের ইন্টারনেট বিল | ৪৫০/- | |
| | ১৩ | উপজেলা পরিষদের জুন/২০২১ মাসের মাসিক সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বিল ভ্যাটসহ | ১৩,০০২/- | |
| | ১৪ | উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ সতেরটি উপজেলা কমিটির সভার জন্য জুন/২০২১ মাসের মাসের আপ্যায়ণ ও অন্যান্য খরচ বাবদ ব্যয়। | ৮,০০০/- | |

<u>বিভাগওয়ারী আলোচনাঃ</u>

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (এডিপি) এর ৩য় ও ৪র্থ বরাদ্দের বাস্তবায়নের কাজ সফলভাবে সমাপ্ত হয়েছে। সেলাই মেশিন বিতরণ, টিন বিতরণ ও উপজেলা পরিষদের পুকুরে মৎস্য অবমুক্তকরণ প্রকল্পসমূহের বাকী কাজ লক ডাউনের কারণে কিছুটা বিলম্ব হয়েছে। এছাড়াও ইউনিয়ন পর্যায়ের রাস্তাসমূহের রোড আইডি বারবার চাওয়ার পরও পাওয়া যায়নি যা নতুন অর্থবছরে কাজের পুণরাবৃত্তি তৈরি করতে পারে। এতে সরকারি অর্থের অপচয় ঘটার সম্ভাবনা রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, ইতোপূর্বে উপজেলা পরিষদের সভাকক্ষের সৌন্দর্য্যবর্ধন ও সাউন্ড সিস্টেম স্থাপনের বিষয়ে উপজেলা প্রকৌশলিকে বেশ কয়েকবার তাগিদ দেয়া হলেও কাজটি অদ্যাবধি শুরু হয় নি। যা সুষ্ঠুভাবে সভা আয়োজন ও পরিচালনায় বাধা সৃষ্টি করছে।<br>তিনি আরও বলেন যে, প্রতি বছর এডিপির আওতায় গৃহীত প্রকল্পসমূহ শেষ সময়ে উপস্থাপন করা হয় যাতে জনগুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ চিহ্নিতকরণ ব্যহত হয়। উপজেলা নির্বাহী অফিসার,দক্ষিণ সুনামগঞ্জ জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ২য় তলার পূর্ব ইউনিটের বাসাটি জরুরী ভিত্তিতে রং করার প্রয়োজন। এ বিষয়ে সভায় উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। বিভিন্ন বিভাগীয় প্রধানগণ জানান যে, উপজেলা কমিটিসমূহের সভা নিয়মিত অনুষ্ঠিত হয় না। তাদের স্ব স্ব ক্ষেত্রের প্রকল্পসমূহ গ্রহণ করা হয় না। | ১। ইউনিয়ন পর্যায়ের রাস্তাসমূহের রোড আইডি উপজেলা প্রকৌশল অফিসকে সরবরাহ করতে হবে।<br>২। ১২ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে ডিজাইনসহ আর্কিট্যাক্টকে নিয়ে সরেজমিন পরিদর্শন করতে হবে। এবং ৩১ আগস্ট, ২০২১ এর মধ্যে কাজ সমাপ্ত করতে হবে।<br>৩) সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা কমিটির আহবায়কগণ ৩১ আগস্ট, ২০২১ এর মধ্যে প্রকল্প বাছাই কমিটির নিকট প্রেরণ করতে হবে।<br>৪) উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী প্রকল্প প্রণয়ণ ও নির্বাচনের ক্ষেত্রে [illegible] ক্ষাতওয়ারী বিভাজন রক্ষা করতে হবে।<br>৫) উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ২য় তলার পূর্ব ইউনিটের বাসাটি জরুরী ভিত্তিতে রং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>২। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুনামগঞ্জ<br>৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা ভাইস<br>৪। চেয়ারম্যান (মহিলা) ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>৫। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুনামগঞ্জ |
| ২। | উপজেলা স্বাস্থ্য বিভাগ | আগামী ৭ আগস্ট প্রতিটি ইউনিয়নে ব্যাপকভাবে টীকাদান কর্মসূচী শুরু হবে। এই কার্যক্রমের সফলতার নিমিত্তে ২৫ বছরের অধিক বয়সের নাগরিকবৃন্দের রেজিস্ট্রেশন কার্যক্রম যথাসময়ে শেষ করতে হবে। এবং রেজিস্ট্রেশনের | ১) প্রতি ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের স্কুল সমূহকে টীকা দানের জন্য প্রস্তুত করতে হবে। | ১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) ও উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| ...মিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সাথেসাথে তাদেরকে টীকা কার্ডের হার্ডকপি প্রদানের ব্যবস্থা করতে হবে। সে লক্ষ্যে ওয়ার্ড কমিটি সমূহকে কোন লোকবল দেয়ার প্রয়োজন হলে উপজেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে তা প্রদান করা হবে মর্মে ইউএইচএফপিও নিশ্চিত করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, বর্তমান করোনা পরিস্থিতির ভয়াবহতা কমাতে সবাইকে টীকা গ্রহণে উদ্বুদ্ধকরণের বিকল্প নেই। তিনি সে লক্ষ্যে সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের এগিয়ে আসার আহবান জানান। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সকল ধরণের সহযোগীতার আশ্বাস তিনি প্রদান করেন। | ২) জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের সমন্বয়ে টীকার প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>৩) উপজেলার প্রত্যেকটি বড় বাজারে রেজিস্ট্রেশন বুথ স্থাপন ও ওয়ার্ড ভিত্তিক স্বেচ্ছাসেবক দল তৈরী করে ৪৫ এর অধিক বয়সীদের রেজিস্ট্রেশন নিশ্চিত করতে হবে।<br>৪) বয়স্কভাতা প্রাপ্তদের নামের তালিকা অনুযায়ী তাদের টীকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ২) উপজেলা নির্বাহী অফিসার<br>৩) উপজেলা নির্বাহী অফিসার<br>৪) উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৩। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | বন্যার পানি উঠে যাওয়ায় পশ্চিম বীরগাঁও ইউনিয়নের কর্মসৃজন প্রকল্পের কাজ সম্পূর্ণরূপে সমাপ্ত হয় নি। তাছাড়া সকল কাজ সফলভাবে সমাপ্ত হয়েছে। মুজিববর্ষের ঘরসমূহের কাজ ভালোভাবে সমাপ্ত হয়ছে। কিন্তু হাওরের পানির কারণে কিছু কিছু ঘরের জন্য প্যালাসাইডিং ও গাইড ওয়ালের ব্যবস্থা করতে হবে।<br>পশ্চিম পাগলা ইউপি চেয়ারম্যান বলেন, তার একটি কাজের বিল এখনও পরিশোধ করা হয় নি। | ১) মুজিব বর্ষের ঘরসমূহের প্যালাসাইডিং ও গাইড ওয়ালের প্রয়োজনীয়তা নিরূপণের জন্য একটি কারিগরী কমিটি গঠণ করতে হবে।<br>২) বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৪। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের নিজস্ব প্রকল্পের আওতায় ৪০০০ টয়লেট ও ৪০০০ টিউবওয়েল নির্মাণের প্রকল্প চলমান। ইতোমধ্যে ২৭০০ টি টয়লেট ও ৩০০০ টি টিউবওয়েল নির্মাণ সম্পন্ন হয়েছে। পাইপলাইনের মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৫টি ইউনিয়নের ৫টি গ্রামে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হবে। | ১) টয়লেট ও টিউবওয়েল নির্মাণের বাকী কাজসমূহ দ্রুত শেষ করতে হবে। এবং উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিরপেক্ষতা বজায় রাখতে হবে।<br>২) ৫টি ইউনিয়নের ৫টি গ্রাম নির্বাচনের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহোদয় ও স্থানীয় চাহিদা বিবেচনা করতে হবে। | ১) উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)। |
| ৫। | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, আউস এর লক্ষ্যমাত্রা ৪০ হেঃ এর মধ্যে ৪০ হেঃ আউশ আবাদ চলমান, রোপা আমন বীজতলার লক্ষ্যমাত্রা ছিল ১০৩ হেঃ (উফসী ৮০ হেঃ,স্থানীয় ২৩ হেঃ) অর্জিত হয়েছে ১০৩ হেঃ এবং রোপা আমনের লক্ষ্যমাত্রা ছিল ২৭ হেঃ এর মধ্যে রোপা আমন আবাদ ২৭ হেঃ (উফশী ২৫ হেঃ স্থানীয় ২ হেঃ) অর্জিত। তাছাড়া সবজি ও অন্যান্য ফসলের আবাদ ভালো। ১.আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান,গম ও পাট বীজ উৎপাদন,সংরক্ষণ ও বিতরণ প্রকল্প ২. কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল,তেল ও মসলা বীজ উৎপাদন,সংরক্ষণ ও বিতরণ প্রকল্প ৩.সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রীকরণ প্রকল্প ৪.কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প ৫. অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প চলমান রয়েছে এছাড়া তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। | ১) আউশ ধানের বাকী অংশ দ্রুত শেষ করতে হবে।<br>২) চলমান প্রকল্পসমূহে বিশেষ করে যে প্রকল্পসমূহে উপজেলা পরিষদের কোন সংশ্লেষ নেই সেগুলোতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে।<br>৩) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১) উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা<br>২) উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>৩) উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা |
| ৬। | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে উপজেলায় ১৭ টি স্থায়ী কমিটি আছে এর মধ্যে মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়ের কমিটি একটি। উক্ত মন্ত্রণালয়ের ০২ টি অফিস উপজেলা পরিষদে ন্যাস্ত আছে। তন্মধ্যে উপজেলা মৎস্য অফিস ও উপজেলা প্রাণি সম্পদ কার্যালয়। উক্ত কমিটিতে সদস্য সচিব হিসেবে উপজেলা প্রাণি সম্পদ | ১) উপজেলা বন ও পরিবেশ সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি এ বিষয়ে সদস্য সচিবকে অবহিত করবেন।<br>২) চলমান প্রকল্পসমূহে বিশেষ করে যে প্রকল্পসমূহে | ১) উপজেলা ভাইস চেয়ারম্যান<br>২) উপজেলা মৎস্য কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

| বিষয়/ গ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | অফিসার থাকলেও উপজেলা মৎস্য অফিসার নেই। এ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। উল্লেখ্য যে, তিনি পরিবেশ ও বন সম্পর্কিত স্থায়ী কমিটিতে সদস্য সচিব হিসেবে আছি। আগামী বাজেটে এডিপির নীতিমালা অনুযায়ী মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত ০২ টি অফিসে এবং পরিবেশ ও বন সম্পর্কিত কাজে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ করেন, তারঁ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। এছাড়া তিনি জানান,১.উন্মুক্ত জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি ২.ইউনিয়ন পর্যায়ে মৎস্য প্রযুক্তিসেবা সম্প্রসারণ প্রকল্প ৩. ক্লাইমেট রেজিলেন্ট ফিশারিজ এন্ড এক্যুয়া কালচার ডেভেলাপমেন্ট ইন বাংলাদেশ প্রকল্পের কাজ চলমান আছে। তিনি মৎস্য আইনে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোকপাত করেন। | উপজেলা পরিষদের কোন সংশ্লেষ নেই সেগুলোতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে।<br>৩) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | (সকল)<br><br>৩) উপজেলা মৎস্য কর্মকর্তা |
| রিবার বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বর্তমান লক ডাউন পরিস্থিতির মধ্যেও তার বিভাগ বিনামূল্যে জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী পৌছানোর ব্যবস্থা নিয়েছেন। এপ্রিল/২০২০ হতে মার্চ/২০২১ পর্যন্ত পরিবার কল্যাণ সহকারী জনাব আয়েশা খাতুন উপজেলার শ্রেষ্ঠ কর্মী নির্বাচিত হয়েছেন। তার সাফল্যের ধারাবাহিকতা সহ আগামী সময়ে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করবে এই প্রত্যাশা করেন। করোনাকালীন সময়ে প্রতিটি কেন্দ্র খোলা রেখে স্বাস্থ্যবিধি মেনে প্রচার প্রচারনা এবং সেবাদান অব্যাহত রয়েছে। ইউনিয়ন পর্যায়ে সকল জনপ্রতিনিধিগণের সহচর্যে থেকে বিভিন্ন সভা যথাসময়ে আয়োজন। বিভাগীয় নির্দেশনা মোতাবেক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী পালন, তাছাড়া প্রতিটি ইউনিয়নে গর্ভবতীর তালিকা ও ইডিডি রেজিষ্টার অনুযায়ী অনলাইনে গর্ভবতী ও প্রসূতী মায়ের সেবাদান করছেন এছাড়া বৈশ্বিক মহামারীলগ্নে বিভাগীয় অন্যান্য সেবা কার্যক্রম স্বাভাবিক এবং নিরবিচ্ছিন্নভবে চলমান রয়েছে মর্মে জানান। উপজেলা নির্বাহী কর্মকর্তা এ জন্যে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগকে সভার পক্ষ হতে অভিনন্দন জানান। | ১) প্রাতিষ্ঠানিক বাচ্চা ডেলিভারির হার বাড়াতে হবে।<br>২) প্রতিমাসে সামগ্রিক কর্মকান্ডের একটি পরিসংখ্যান সভায় উপস্থাপন করতে হবে।<br>৩) চলমান প্রকল্পসমূহে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br><br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান ডেইরী খামারী ৪৫০ জনকে সহায়তা প্রদান করা হয়েছে। এর মধ্যে ৮/১০ জন খামারীকে খামারী লোন প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। ইউপি চেয়ারম্যান পশ্চিম পাগলা জানান যে, গো খাদ্য বিতরণের ক্ষেত্রে প্রাণীসম্পদ বিভাগ অনিয়ম করেছে। এর সুষ্ঠু তদন্তের দাবী জানান। এছাড়াও তিনি জানান যে, এ বিভাগের কোন কাজে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা হয় না। | ১) চলমান প্রকল্পসমূহে বিশেষ করে যে প্রকল্পসমূহে উপজেলা পরিষদের কোন সংশ্লেষ নেই সেগুলোতে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউপি চেয়ারম্যানগণকে অন্তর্ভুক্ত করতে হবে।<br>২) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | ১) উপজেলা ভাইস চেয়ারম্যান<br><br>২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br><br>৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তারঁ বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা পরিস্থিতির কারনে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ভার্চুয়াল পদ্ধতিতে ক্লাস চলমান রয়েছে। অত্র উপজেলায় সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দের বেতন ভাতাদি ইএফটির মাধ্যমে চালু করা হয়েছে। শিশুদের জন্ম নিবন্ধন কার্যক্রম তরান্বিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়। এছাড়া সকল শিক্ষকবৃন্দকে করোনা ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতার জন্য [illegible] | সকল শিক্ষকবৃন্দকে করোনা ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতার জন্য অনুরোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

| ...ক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনা পরিস্থিতির কারনে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় ভার্চুয়াল পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সকল শিক্ষকবৃন্দকে করোনা ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতার জন্য অনুরোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়। | সকল শিক্ষকবৃন্দকে করোনা ভ্যাকসিন গ্রহণ ও ভ্যাকসিন কার্যক্রমে সহযোগিতা করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১১ | উপজেলা সমবায় কার্যালয় | উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। সমবায় সমিতিসমূহের অডিট কার্যক্রম লকডাউনের কারণে কিছুটা শিথিল। পরবর্তী বছরের এডিপির আওতায় সমবায় বিভাগ সংক্রান্ত প্রকল্প গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | ১) সমবায় সমিতিসমূহের অডিট কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২ | উপজেলা সমাজসেবা কার্যালয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,সমাজসেবা অফিসের আওতায় ০২ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে ১. শেখ ফজিলাতুন্নেছা মুজিব পল্লী সমাজসেবা প্রশিক্ষণ ও সামাজিক নিরাপত্তা একাডেমি স্থাপনের প্রাথমিক কাজ চলমান আছে ২. প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৫ টি আদি পেশার সাথে জড়িত লোকজনের সক্টস্কিল ও এপ্রেনটিচশীপ প্রশিক্ষণার্থীদের অনুদান বিতরণ এবং সক্টস্কিল প্রশিক্ষণ সংক্রান্ত। | ১) চলমান প্রকল্প সমূহের অগ্রগতি নিয়মিত মাসিক সভাকে অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় | সার্বিক খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা আতপ চাল ৯৮% অর্জিত হলেও সেদ্ধ চাল ১৪% ও ধান ৫০% অর্জিত হয়েছে যা কিছুটা হতাশাজনক মর্মে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান। ১০ টাকা কেজি চালের বরাদ্দ সেপ্টেম্বর থেকে শুরু হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | ১) ১০ টাকা কেজি চালের তালিকায় কোন সংশোধনী থাকলে তা আগস্টের মধ্যে সংশোধন করতে হবে। | ১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) |
| ১৪ | পরিসংখ্যান বিভাগ । | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি | কার্যপত্র এবং আদমশুমারী সংক্রান্ত তথ্যাদিসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্ত, দক্ষিণ সুনামগঞ্জকে অবহিত করা হোক | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৫ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার করতে হবে। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৮ | উপজেলা বন সংরক্ষণ বিভাগ | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |
| ১৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় নি। সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, যুব উন্নয়ন কর্মকর্তা,দক্ষিণ সুনামগঞ্জ প্রায়শই অফিসে অনুপস্থিত থাকেন। ফলে আগত সেবা প্রার্থীগন অফিসে এসে সরকারি সেবা গ্রহণ করতে পারেন না। | কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকতে হবে এবং নিয়মিত অফিস কার্যক্রম পরিচালনার করতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা |

| ক্রমিক | আলোচ্য বিষয়/ বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার প্রকল্প | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক,দক্ষিণ সুনামগঞ্জ সভায় জানান যে, করোনা পরিস্থিতির কারণে ফিল্ডের কাজ করতে কিছুটা সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম আরো সুন্দরভাবে পরিচালনার করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | বিবিধ আলোচনা | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার,দক্ষিণ সুনামগঞ্জ জানান শিল্প মন্ত্রণালয়, বিসিক শাখার স্মারক নং-৩৬.০০.০০০০.০৬৫.০৫.০১৭.১৯.৩১৯ তাং-১৪/০৭/২০২১ মূলে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে পশু জবাই পরবর্তী চামড়া সংগ্রহ,সংরক্ষণ ও প্রক্রিয়াজাতকরার জন্য নির্দেশনা প্রদান করেন। উক্ত নির্দেশনার আলোকে অত্র উপজেলায় ঈদুল আযহা উপলক্ষে উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ১৯৮ টি পশুর চামড়া সংগ্রহ করা হয়। চামড়াগুলো প্রক্রিয়াজাত করতে লবণ,লেবার ও পলিথিন খরচ বাবদ-১৮,২৬০/-( আঠার হাজার দুইশত ষাট) টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়কৃত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | চামড়া প্রক্রিয়াজাত করতে লবণ ও লেবার খরচ বাবদ-১৮,২৬০/-( আঠার হাজার দুইশতষাট) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত সর্বসম্মতক্রমে গৃহীত হয় এবং চামড়া বিক্রিজনিত অর্থ গ্রাহককে বুঝিয়ের দিতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফারুক আহমদ) ২৯/৭/২১
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৯১১.০০০.১১.০৩৬.২১- ২১(৫৩)

তারিখ: ২৯ জুলাই, ২০২১খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :
০১. জনাব এম.এ.মান্নান, মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৫. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়াম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুনামগঞ্জ।
০৭. উপজেলা .................................... কর্মকর্তা, দক্ষিণ সুনামগঞ্জ।
০৮. চেয়ারম্যান .......,.........................................ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুনামগঞ্জ।
০৯. জনাব/জনাবা.......................................................................................

২৯/০৭/২০২১
(মোঃ আনোয়ার উজ জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দক্ষিণ সুনামগঞ্জ, সুনামগঞ্জ